



উপাচার্য

ঢাকা বিশ্ববিদ্যালয়

ঢাকা -১০০০



তারিখ : শ্রাবণ ১৭, ১৪২৬ বাঃ / আগষ্ট ০১, ২০১৯ ইং

বিষয় : গণস্বাস্থ্য সমাজভিত্তিক মেডিকেল কলেজ এর এমবিবিএস, বিডিএস, ব্যাচেলর এবং মাস্টারস অফ ফিজিওথেরাপী, ব্যাচেলর অফ নার্সিং কোর্স এর এর অধিভুক্তি প্রসঙ্গে।


১. ১৯৭১ সালের যুদ্ধাহত মুক্তিযোদ্ধা ও শরণার্থীদের চিকিৎসার জন্য নেতাজী সুভাষ বোসের দেহরক্ষী হাবুল ব্যানার্জীর ত্রিপুরার মেলাঘরস্থ কাজুবাদাম বাগানে স্থাপন করা হয় ৪৮০ শয্যার বাংলাদেশ ফিল্ড হাসপাতাল ও অপারেশন থিয়েটার।
২. স্বাধীনতার ছুপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মহান মুক্তিযুদ্ধ চলাকালীন সময়ের “বাংলাদেশ ফিল্ড হাসপাতাল” কে স্বাধীনতা উত্তর কালে গণস্বাস্থ্য ও পূর্নবাসন কেন্দ্র নামকরণ করেন এবং ১৯৭৪ সনে সরাসরি নির্দেশ জারি করে উক্ত প্রতিষ্ঠান স্থাপনের জন্য প্রায় ২০ একর জমি হুকুম দখল করিয়ে দিয়েছিলেন। ১৯৭২ সনে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অনুমোদনে গণস্বাস্থ্য জনহিতকর দাতব্য ট্রাস্ট হিসাবে নিবন্ধিত হয় এবং গণস্বাস্থ্য জনহিতকর ট্রাস্টকে ১৫-ডি এর আওতায় সকলপ্রকার দান গ্রহন ও আয়কর মুক্ত সুবিধা দেন।
৩. ১৯৭২ সনে “গ্রামে চল গ্রাম গড়” মূলমন্ত্র নিয়ে গণস্বাস্থ্য কেন্দ্র সাভারে সার্বজনীন প্রাথমিক স্বাস্থ্য, শিক্ষা, নারীদের ক্ষমতায়ন, গ্রামে প্রতি পরিবারে সেনেটারী পায়খানা ও নলকূপ, সয়াবিন চাষের মাধ্যমে পুষ্টির উন্নয়ন কার্যক্রম শুরু হয়েছিল যা পরবর্তীতে বাংলাদেশের ৪৩ টি স্বাস্থ্য কেন্দ্রের মাধ্যমে ৬১৫ গ্রামে, ৫৪ ইউনয়নে, ৩০ উপজেলা এবং ২০ জেলায় বিস্তৃত হয়। বিভিন্ন কার্যক্রমের স্বীকৃতিস্বরূপ গণস্বাস্থ্য কেন্দ্র ১৯৭৭ সালে বাংলাদেশের সর্বোচ্চ জাতীয় সম্মাননা ‘স্বাধীনতা দিবস পদক ও পুরস্কার লাভ করে। ১৯৮৫ সালে “ম্যাগসাইসাই এওয়ার্ড ( যা এশিয়ান নোবেল পুরস্কার হিসাবে বিবেচিত) এবং ১৯৯২ সালে সুইডিস পার্লামেন্ট থেকে ‘রাইট লাইভলিহুড এওয়ার্ড ( যা বিকল্প নোবেল পুরস্কার খ্যাত) গণস্বাস্থ্য কেন্দ্রকে প্রদান করা হয়।
৪. তৎকালীন বাংলাদেশ সরকার এর স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, গণস্বাস্থ্য কেন্দ্রের কার্যক্রমে অনুপ্রানিত হয়ে, “একটি বিশ্ববিদ্যালয়ের সাথে অর্ন্তভুক্তি করতে হবে” শর্তে “সমাজ ভিত্তিক মেডিকেল কলেজ” স্থাপনের প্রস্তাবে অনুমোদন দেন ( চিঃশিঃ/৩ এম - ২০/৮৮/৪৯৮ তাং ২৩-১০-১৯৮৯) সালে। “সমাজ ভিত্তিক মেডিকেল কলেজ” একটি বেসরকারী অলাভজনক প্রতিষ্ঠান। কোন ব্যক্তিমালিকানাধীন প্রতিষ্ঠান নয়।
৫. ১৯৯৪ সালে গণস্বাস্থ্য জনহিতকর ট্রাস্ট গণবিশ্ববিদ্যালয় স্থাপন করেন এবং এর স্বাস্থ্য অনুষদের অধিভুক্তি নিয়ে সমাজ ভিত্তিক মেডিকেল কলেজ ১৯৯৮ সাল থেকে কার্যক্রম ও ছাত্রভর্তি শুরু করেন। পরবর্তীতে ১৯৯৮-১৯৯৯ সালে বিএমডিসি সমাজ ভিত্তিক মেডিকেল কলেজ কে স্বীকৃতি (স্বারক নং বিএমএডিসি/১১-সি-২০০০/৭০৬ তাং ২৬/৪/২০০১ইং) প্রদান করে, যা এখন পর্যন্ত চালু আছে। পরবর্তীতে “সমাজ ভিত্তিক মেডিকেল কলেজ” নাম পরিবর্তন করে “গণস্বাস্থ্য সমাজ ভিত্তিক মেডিকেল কলেজ” নামকরণ করা হয় (স্বারক নং : স্বাপকম/চিঃশিঃ/৩ এম-২৩০/৮৮/৬৩৮ তাং ২৩-১১-২০০৬ইং এবং স্বারক নং : স্বাঃঅধিঃ/চিঃশিঃ/প্রঃ বেঃ টাঃসিঃকঃমেঃকঃহঃ/০৭/২৪ তাং ১৭-০১-২০০৭ ইং )।



৬. পরবর্তীতে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় তার নিয়ম পরিবর্তন করে “একটি বিশ্ববিদ্যালয়ের সাথে অধিভুক্তি করতে হবে” পরিবর্তন করে “পাবলিক বিশ্ববিদ্যালয়ের সাথে অধিভুক্তি বাধ্যতামূলক করতে হবে” বলে জানায়।
৭. সরকারের সিদ্ধান্তের প্রতি শ্রদ্ধা জানিয়ে আমরা “গণস্বাস্থ্য সমাজ ভিত্তিক মেডিকেল কলেজ” কে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি করতে ইচ্ছুক। গণস্বাস্থ্য সমাজ ভিত্তিক মেডিকেল কলেজ এর অধীনে আমরা এমবিবিএস, বিডিএস, ব্যাচেলর এবং মাস্টারস অফ ফিজিওথেরাপী, ব্যাচেলর অফ নার্সিং কোর্স এই চারটি কোর্স অধিভুক্তি করতে ইচ্ছুক। পত্রের সাথে নির্ধারিত ফর্মেটে তথ্য পূরন করে যথাযথ সংযুক্তি সংযুক্ত করা হয়েছে।
৮. ২০১৬-১৭ শিক্ষাবছর থেকে পরবর্তী তিন ব্যাচের ছাত্রদের সরকারী বিশ্ববিদ্যালয়ের সাথে অধিভুক্তি না থাকায় বিএমডিসি নিবন্ধন বর্তমানে স্থগিত রয়েছে। সুতরাং আমরা ২০১৬-১৭ শিক্ষাবছর থেকে অধিভুক্তি করার আবেদন করছি।

অতএব গণস্বাস্থ্য সমাজ ভিত্তিক মেডিকেল কলেজ এর অধীনে ইউনিট হিসাবে আমরা এমবিবিএস, বিডিএস, ব্যাচেলর এবং মাস্টারস অফ ফিজিওথেরাপী, ব্যাচেলর অফ নার্সিং কোর্স এই চারটি কোর্স ঢাকা বিশ্ববিদ্যালয়ে অধিভুক্ত করার জন্য সবিনয় অনুরোধ করছি

ধন্যবাদ অন্তে,

  
০২/০৬/১২

(অধ্যাপক ফরিদা আদিব খানম)

অধ্যক্ষ, গণস্বাস্থ্য সমাজভিত্তিক মেডিকেল কলেজ এবং

সদস্য সচিব, গণস্বাস্থ্য সমাজভিত্তিক মেডিকেল কলেজ পরিচালনা কমিটি

মির্জানগর, সাভার, ঢাকা - ১৩৪৪

অনুলিপিঃ

- ১) সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
- ২) প্রেসিডেন্ট, বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল
- ৩) ইনসপেকটর অফ কলেজেস, ঢাকা বিশ্ববিদ্যালয়

সংযুক্তি :

- ১) কলেজ পরিদর্শকের দপ্তর, ঢাকা বিশ্ববিদ্যালয় এর কলেজ এর অধিভুক্তি আবেদন ফর্ম এবং এতদসংক্রান্ত সংযুক্তিসমূহ।